

পাঠকের লেন্সে
8597258697
picforubs@gmail.com

বেলাশেষে।। *হলদিবাড়ির আঙ্গুলদেখায় ছবিটি তুলেছেন পূর্ণেন্দু রায়।*

# রং দিতে গিয়ে বধূকে গণধর্ষণ

## ধৃত তিন, গা-ঢাকা দিয়েছে আরেক অভিযুক্ত

তাপস মালাকার

**নিশিগঞ্জ, ২৪ মার্চ :** রং খেলার অছিলায় গত ১৫ মার্চ এক বধূকে নিশিগঞ্জে গণধর্ষণ করা হয়েছে বলে অভিযোগ উঠেছে। নির্যাতিতা বধূ রবিবার রাতে নিশিগঞ্জ পুলিশ ফাঁড়িতে চারজন তরুণের বিরুদ্ধে লিখিত অভিযোগ দায়ের করেন। সোমবার ভোরেই তিন অভিযুক্তকে পুলিশ গ্রেপ্তার করে। যদিও আরেক তরুণ গ্রাম ছেড়ে পালিয়ে গিয়েছে। তার খোঁজে তল্লাশি চালানো হচ্ছে।

এদিন তিনজনকে মাথাভাঙ্গা আদালতে তোলা হয়। তাদের সাতদিনের পুলিশি হেপাজতে নেওয়া হয়েছে। অন্যদিকে, রবিবার রাতেই ওই বধূকে মেডিকেল পরীক্ষার জন্য মাথাভাঙ্গা মহকুমা হাসপাতালে পাঠানো হয়।

কোচবিহারের অতিরিক্ত পুলিশ সুপার সন্দীপ গড়াই জানিয়েছেন, মহিলার বয়ান অনুযায়ী রং খেলার অছিলায় গত ১৫ মার্চ দুপুর ২টো নাগাদ চারজন তরুণ বাড়িতে ঢুকে পড়ে। বধূ তখন বাড়িতে একাই ছিলেন। গ্রামে তখন হোলির হুল্লোড় চলছে। প্রথমে এক তরুণ রং দেওয়ার নাম করে মহিলাকে অশ্লীলভাবে স্পর্শ করে এবং পরে তাঁকে ধর্ষণ করে। বধূ আতঙ্কিত হয়ে চিৎকার করে বাধা দেওয়ার চেষ্টা করলে পরে তাঁর মুখে কাপড় গুঁজে দিয়ে বাকি তিনজন পরপর অত্যাচার চালায়।

এমনকি গণধর্ষণের কথা কাউকে জানালে মহিলাকে ও তাঁর সন্তানকে মেরে ফেলা হবে বলেও শাসিয়ে যায়। এরা সকলেই কাছাকাছি এলাকার বাসিন্দা। তাদের কেউ পেশায় টোটোচালক, কেউ আবার শ্রমিকের কাজ করে।

এদিন দুপুরে নিশিগঞ্জের ওই এলাকায় থমথমে পরিবেশ লক্ষ করা গিয়েছে। বাড়ির দাওয়ায় বসে ওই বধূর বৃদ্ধা শাশুড়ি বলেন, 'আমি সেদিন দুপুরে ঘাস কাটতে গিয়েছিলাম। সেই সময় বৌমার ওপর অত্যাচার হয়েছে। বৌমা খুব একটা বাড়ি থেকে বের হয় না। ছেলে কেরলে পরিযায়ী শ্রমিকের কাজ করে।' খবর, বধূর স্বামী সম্প্রতি বাড়ি ফিরেছেন।

তাঁর কথায়, 'অনেক চিন্তার পর আইনের দ্বারস্থ হওয়ার কথা ভেবেই পুলিশকে জানিয়েছি। ন্যায়বিচার পাওয়ার ভরসা করছি।' ওই তরুণদের এই কুকীর্তির ঘটনায় গ্রামবাসীরা রীতিমতো হতবাক। দোষীদের শাস্তির দাবিতে বাসিন্দারা সরব হয়েছেন।

### যা অভিযোগ

- রং মাখানোর অছিলায় ঘরে ঢোকে চার তরুণ
- মুখে কাপড় গুঁজে বধূকে গণধর্ষণ করা হয়
- সেইসময় বধূ বাড়িতে একা ছিলেন
- কাউকে জানালে নির্যাতিতা ও তাঁর সন্তানকে প্রাণে মেরে ফেলার হুমকি
- অভিযুক্তদের শাস্তি চাইছেন গ্রামবাসী




*ধর্ষণে অভিযুক্ত তিন তরুণকে আদালতে নিয়ে যাওয়া হচ্ছে। সোমবার।*

# কাজের মান নিয়ে ক্ষোভ

**শীতলকুচি, ২৪ মার্চ :** রাস্তা নির্মাণের কাজের গুণগতমান অত্যন্ত খারাপ, অভিযোগ তুলে বিক্ষোভ দেখালেন এলাকার বাসিন্দারা। সোমবার ঘটনাটি ঘটেছে শীতলকুচি ব্লকের লালবাজার দ্বিতীয় খণ্ড গ্রামে। স্থানীয় বাসিন্দা জাহাঙ্গির আলম বললেন, 'কয়েকদিন ধরে রাস্তাটি পাকা করার কাজ শুরু হয়েছে। বরাতপ্রাপ্ত ঠিকাদারি সংস্থাকে শিডিউল অনুযায়ী কাজ করার দাবি জানালেও তারা সঠিকভাবে কাজ করছে না। এভাবে কাজ হলে বেশিদিন এই রাস্তা টিকবে না। তাই সঠিকভাবে কাজ করার দাবিতে এদিন বিক্ষোভ দেখানো হয়।'

ঠিকাদারি সংস্থার তরফে অবশ্য নিম্নমানের কাজের বিষয়টি অস্বীকার করা হয়েছে। সংস্থার তরফে এনামুল মিয়াঁর কথায়, 'কাজ ঠিকভাবেই হচ্ছে। কেন অভিযোগ তোলা হচ্ছে, সে বিষয়ে বাসিন্দাদের সঙ্গে কথা বলা হবে।'

লালবাজার দ্বিতীয় খণ্ড থেকে লালবাজার হাট পর্যন্ত প্রায় সাড়ে তিন কিলোমিটার রাস্তা পাকা করা হচ্ছে। পথশ্রী প্রকল্পের কয়েক লক্ষ টাকা ব্যয়ে তৈরি হচ্ছে রাস্তাটি। এত টাকা বরাদ্দ করা হয়েছে, তারপরও নিম্নমানের সামগ্রী ব্যবহারে কাজ করা হচ্ছে কেন? অভিযোগ তোলেন এলাকাবাসী। লালবাজার গ্রাম পঞ্চায়েত প্রধান অনিমেষ রায় খোঁজ নিয়ে বাসিন্দাদের সঙ্গে কথা বলবেন বলে জানালেন।

শীতলকুচির বিডিও সোফিয়া আব্বাস বললেন, 'কাজের মান নিয়ে আমাকে কেউ অভিযোগ জানাননি। লিখিত অভিযোগ জানালে সংশ্লিষ্ট দপ্তরকে বিষয়টি জানাব।'

# আগুনে পুড়ল ঘর

**দিনহাটা, ২৪ মার্চ :** বিধ্বংসী আগুনে পুড়ে ছাই হয়ে গেল একটি ঘর। সোমবার সন্ধ্যা নাগাদ ঘটনাটি ঘটেছে দিনহাটা-২ ব্লকের কিশামতদশগ্রাম গ্রাম পঞ্চায়েতের টিয়াদহ এলাকায়। এদিন সন্ধ্যায় সংশ্লিষ্ট এলাকার বাসিন্দা সুভাষ দাসের বাড়িতে আগুন দেখতে পান স্থানীয়রা। দ্রুত আগুন নেভানোর কাজে হাত লাগান স্থানীয় বাসিন্দারা। খবর দেওয়া হয় দিনহাটা দমকলকেন্দ্রে।

কিন্তু দমকলের গাড়ি পৌঁছেছে প্রায় পঞ্চাশ মিনিট পর। দমকলের ইঞ্জিন ঘটনাস্থলে পৌঁছানোর আগেই ঘরটি পুড়ে ছাই হয়ে যায়। এরপরই দমকলের তৎপরতা নিয়ে প্রশ্ন তোলেন স্থানীয় বাসিন্দারা।

স্থানীয় বাসিন্দা শিশিরকুমার সরকারের কথায়, 'দমকলে খবর দেওয়া হয়েছে ৭টা ২০ মিনিটে। দমকল পৌঁছাল ৫০ মিনিট পর। দিনহাটা থেকে কিশামতদশগ্রাম পৌঁছতে ১০-১৫ মিনিটের বেশি লাগার কথা নয়। স্থানীয়রা আগুন নেভানোর কাজে হাত না নাগালে গোটা বাড়িটাই পুড়ে যেত।

# সচিব পরিবর্তন

**কোচবিহার, ২৪ মার্চ :** পরিবর্তন করা হল দেবত্র ট্রাস্ট বোর্ডের সচিব কৃষ্ণগোপাল ধারাকে। তাঁর জায়গায় নতুন সচিব হলেন পবিত্রা লামা।

প্রশাসন সূত্রে জানা গিয়েছে, দেবত্র ট্রাস্ট বোর্ডের নতুন সচিব হওয়া পবিত্রা লামা বর্তমানে কোচবিহারে ওসি সিভিল ডিফেন্স পদে রয়েছেন। কৃষ্ণগোপাল ধারা বলেন, 'আমার জায়গায় দেবত্র ট্রাস্ট বোর্ডের নতুন সচিব হলেন পবিত্রা। মঙ্গলবার থেকে তিনি কাজে যোগ দেবেন।'

# কর্মশালা

**কোচবিহার, ২৪ মার্চ :** তপশিলি উপজাতিভুক্ত মৎস্যচাষিদের নিয়ে সোমবার কর্মশালা হল উত্তরবঙ্গ কৃষি বিশ্ববিদ্যালয়ের কোচবিহার কৃষিবিজ্ঞান কেন্দ্রে। সেখানে ৭৫ জন তপশিলি উপজাতিভুক্ত চাষি উপস্থিত ছিলেন। বিশিষ্টদের মধ্যে উপস্থিত ছিলেন উত্তরবঙ্গ কৃষি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য দেবব্রত বসু, সম্প্রসারণ অধিকর্তা প্রভাতকুমার পাল ও অন্যরা। কর্মশালা শেষে চাষিদের মাছের খাবার, মাছ ধরার জাল, মৎস্য চাষ বিষয়ক পুস্তিকা প্রভৃতি দেওয়া হয়।

# সমস্যার শেষ নেই

দিনহাটা-২ ব্লকের প্রশাসনের প্রায় প্রতিটি দপ্তরই সাহেবগঞ্জে অবস্থিত। তা সত্ত্বেও অবহেলিত সাহেবগঞ্জ। এলাকার বাসিন্দাদের সমস্যা সমাধানে কী করেছেন প্রধান, শুনলেন সঞ্জয় সরকার।

জনতার চার্জশিট

**জনতা : স্বাধীনতার এত বছর পরেও জলসমস্যা মেটেনি এলাকায়। বছর দশেক আগে সাহেবগঞ্জে সজলধারা প্রকল্পের মাধ্যমে জল সরবরাহ করার উদ্যোগ নিলেও তা মুখ থুবড়ে পড়েছে। জলকষ্টে স্থানীয় বাসিন্দারা। সমস্যা সমাধানে কী করেছেন?**

প্রধান : এলাকায় জলসংকট রয়েছে। তবে সমস্যা মিটে যাবে। মুখ্যমন্ত্রীর অনুপ্রেরণায় ও মন্ত্রী উদয়ন গুহের উদ্যোগে সাহেবগঞ্জের খোঁচাবাড়ি, বিলকলাইঘাটি ও খারিজা দুর্গানগরে তিনটি বড় রিজার্ভার তৈরি হচ্ছে। চলতি বছরের মধ্যে সাহেবগঞ্জে জল পৌঁছে যাবে।

**জনতা : সাহেবগঞ্জ গ্রাম পঞ্চায়েত থেকে কুটিশাকদল এলাকাকে বিচ্ছিন্ন করেছে নয়ারছড়া বিল। এতে ওই এলাকার হাজারখানেক মানুষ অনেক সুযোগ থেকে বঞ্চিত। নয়ারছড়া বিলের ওপর সেতু ও এলাকার মূল রাস্তাটি পাকা করার দাবি দীর্ঘদিনের। এখনও কেন এই নিয়ে কাজ করা হয়নি?**

প্রধান : ভৌগোলিক কারণেই কুটিশাকদল বিচ্ছিন্ন দ্বীপের মতো হয়ে রয়েছে। কিন্তু সম্প্রতি উদয়ন গুহের উদ্যোগে আধিকারিকরা সেতু সংক্রান্ত প্রাথমিক সমীক্ষা করে গিয়েছেন। আশা করছি তাড়াতাড়ি সেতু তৈরি হবে।

**জনতা : সাহেবগঞ্জ কৃষিনির্ভর এলাকা হলেও জলসেচের সেভাবে কোনও ব্যবস্থা নেই। এতে চাষাবাদে কৃষকদের খরচ বাড়ছে। কৃষিকাজ থেকে মুখ ফেরাচ্ছেন কৃষকরা। জলসেচের বিষয়ে কী পদক্ষেপ করেছেন?**

প্রধান : ইতিমধ্যে সৌরবিদ্যুৎচালিত পাম্পের বিষয়টি দিনহাটা-২ পঞ্চায়েত সমিতির মাধ্যমে লিখিতভাবে ব্লক প্রশাসনকে জানানো হয়েছে। বিডিও সমস্যা সমাধানের আশ্বাস দিয়েছেন।

**জনতা : সাহেবগঞ্জে কোনও সুস্বাস্থ্যকেন্দ্র নেই। এলাকার বাসিন্দাদের চিকিৎসা পরিষেবার জন্য ছুটতে হচ্ছে দিনহাটা মহকুমা হাসপাতালে। কেন এলাকায় কোনও স্বাস্থ্যকেন্দ্র তৈরি হয়নি?**

প্রধান : সমস্যা সেভাবে নেই। আমাদের গ্রাম পঞ্চায়েতের পাশেই বামনহাট ব্লক প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র। প্রাথমিক চিকিৎসার প্রয়োজনে স্থানীয়রা সেখানেই যান। আশঙ্কাজনক অবস্থা হলে দিনহাটা মহকুমা হাসপাতালে যান।

**জনতা : সাহেবগঞ্জে সমস্ত প্রশাসনিক দপ্তর থাকায় সারাদিন বহু মানুষের আনাগোনা লেগেই থাকে। এতে প্লাস্টিক সহ বিভিন্ন বর্জ্য যত্রতত্র পড়ে থাকছে। কী পদক্ষেপ করেছেন?**

প্রধান : খোঁচাবাড়ি বাজার লাগোয়া এলাকায় কঠিন বর্জ্য ব্যবস্থাপনা প্রকল্প চালু করা হয়েছে। প্রকল্পের ভ্যানগুলি বর্তমানে মূলত বিভিন্ন বাজার এলাকাগুলিতে ঘুরে বর্জ্য সংগ্রহ করে প্ল্যান্টে নিয়ে আসছে। সাহেবগঞ্জ গ্রাম পঞ্চায়েতকে প্লাস্টিক ও জঞ্জালমুক্ত করতে বদ্ধপরিকর আমরা।

**জনতা : সাহেবগঞ্জ রোডের দু'ধারে নির্মাণসামগ্রী মজুত করা হয় বলে অভিযোগ। এছাড়া, সাহেবগঞ্জ চৌপথিতে রাস্তার ওপরে অটো ও টোটোও দাঁড়িয়ে থাকে। কেন?**

প্রধান : বর্তমানে রাস্তার কাজ চলায় নির্মাণসামগ্রী রাখা হয়েছে। টোটো ও অটোর কারণে কিছুটা যানজট হলেও সমস্যা তীব্র নয়। অটো ও টোটোস্ট্যান্ডের বিষয়টি ব্লক প্রশাসনকে জানাব।





**অভিজিৎ বর্মন**
প্রধান, সাহেবগঞ্জ গ্রাম পঞ্চায়েত

### একনজরে

ব্লক : দিনহাটা-২
পঞ্চায়েত সদস্য : ২২
জনসংখ্যা : ২২৯৪৪ (২০১১ *সালের আদমশুমারি অনুযায়ী*)
মোট আয়তন : ১২ বর্গকিমি

# টুকরো খবর

## অগ্নিকাণ্ড

**চ্যাংরাবান্ধা, ২৪ মার্চ :** চ্যাংরাবান্ধা গ্রাম পঞ্চায়েতের তিনটি পৃথক এলাকায় রবিবার রাত থেকে সোমবার দুপুর পর্যন্ত মোট তিনটি খড়ের গাদায় আগুন লাগে। গাদার তিন মালিক হলেন ১৪১ কামাত চ্যাংরাবান্ধার বাসিন্দা সাটুল মহম্মদ, চ্যাংরাবান্ধা দক্ষিণপাড়ায় অধিবাসী সঞ্চালি পাল ও ১৩৯ বোকনাবান্ধা এলাকার রঞ্জিত বৈরাগী। স্থানীয়রা নিজেদের চেষ্টাতেই আগুন নেভানো শুরু করেন। পরে মেখলিগঞ্জ দমকলবাহিনী তিনটি এলাকাতেই পৌঁছে আগুন নিয়ন্ত্রণে আনে।

## পরিদর্শন

**চ্যাংরাবান্ধা, ২৪ মার্চ :** সোমবার চ্যাংরাবান্ধায় আন্তর্জাতিক স্থলবন্দর পরিদর্শন করলেন এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংকের আধিকারিকদের একটি দল। চ্যাংরাবান্ধা ইমিগ্রেশন দপ্তর সূত্রে খবর, ওই দলে ছিলেন এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংকের সিনিয়ার ট্রেড স্পেশালিস্ট কন্যা এস সাসরাদিপোয়েরা সহ অন্যরা। মঙ্গলবার ওই দলের সদস্যরা চ্যাংরাবান্ধা আন্তর্জাতিক ইমিগ্রেশনের সীমান্ত পেরিয়ে বাংলাদেশ যেতে পারেন।

## রাস্তার দাবি

**নিশিগঞ্জ, ২৪ মার্চ :** বেহাল রাস্তা সারাইয়ের দাবিতে গণস্বাক্ষর সংবলিত স্মারকলিপি উত্তরবঙ্গ উন্নয়নমন্ত্রীর দপ্তরে পাঠালেন ফলিমারি গ্রাম পঞ্চায়েতের হাঁড়িভাঙ্গা গ্রামের বাসিন্দারা। ওই এলাকার হাউসেরডেরা নদীর পূর্বের রাস্তা সংস্কারের দাবিতেই এই স্মারকলিপি বলে স্থানীয়রা জানিয়েছেন। গ্রামবাসী সুনীল ঈশোরের কথায়, 'কোচবিহার-১ ব্লকের কর্তারা বেহাল রাস্তাটি পরিদর্শন করলেও কাজ হয়নি। তাই পাকা রাস্তার দাবিতে আমরা স্মারকলিপি দিলাম।'

## স্মারকলিপি

**পুণ্ডিবাড়ি, ২৪ মার্চ :** ১৭ দফা দাবিতে সোমবার কোচবিহার-২ ব্লকের বাণেশ্বর গ্রাম পঞ্চায়েতের প্রধানের কাছে স্মারকলিপি দিল সারাভারত ফরওয়ার্ড ব্লকের বাণেশ্বর লোকাল কমিটি। সংগঠনের লোকাল কমিটির সদস্য পঞ্চানন রায় জানিয়েছেন, বাড়ি বাড়ি পরিশ্রুত পানীয় জল দেওয়া, অবৈধভাবে নদী, খাল থেকে মাটি কাটা বন্ধ করা, রাস্তাঘাট সংস্কার, প্রতি মোড়ে সৌরবাতি লাগানো প্রভৃতি দাবির কথা বলা রয়েছে ওই স্মারকলিপিতে।

# সমবায়ের ঝাঁপ বন্ধে ক্ষোভ

বুল নমদাস

**নয়ারহাট, ২৪ মার্চ :** মাথাভাঙ্গা-১ ব্লকের শিকারপুরে কানফাটা কৃষি উন্নয়ন সমবায় সমিতির অফিসের ঝাঁপ টানা পাঁচ বছর ধরে বন্ধ থাকায় ক্ষোভ ছড়িয়েছে। সমিতির সদস্যরা সরকারি সুযোগসুবিধা থেকেও বঞ্চিত হচ্ছেন বলে অভিযোগ। দ্রুত সমিতির কাজকর্ম স্বাভাবিক করার দাবিও জোরালো হয়ে উঠেছে।

তবে ওই সমবায় সমিতির ম্যানেজার মনোরঞ্জন বর্মনের বক্তব্য, 'পরিচালন কমিটি না থাকায় সমিতির কাজকর্ম বন্ধ রয়েছে। কমিটি গঠন করা হলেই কাজকর্ম স্বাভাবিক করা হবে।' ব্লকের কোঅপারেটিভ ইনস্পেকটর পিটি শেরপা অবশ্য সমবায় সমিতিটি খোলার ব্যাপারে আশ্বাস দিয়েছেন।

শিকারপুর বাজারে ওই সমবায় সমিতির অফিস দীর্ঘদিন ধরে পরিত্যক্ত অবস্থায় রয়েছে। সেটি খোলার ব্যাপারে ম্যানেজারের কোনও হেলদোল নেই বলে অভিযোগ। ফলে সমিতির সুযোগসুবিধা থেকে সদস্যদের বঞ্চিত হতে হচ্ছে।

সূত্রের খবর, ২০১৯ সালের পর থেকে সমিতির ঝাঁপ বন্ধ হয়ে গিয়েছে। অথচ অফিস খুলতে কর্তৃপক্ষের কোনও উদ্যোগ নেই। সমিতির সদস্যরা খুবই সমস্যার মধ্যে রয়েছেন। কৃষিকাজের জন্য তাঁরা ঋণ করতে পারছেন না। আবার যাঁরা ঋণ নিয়েছিলেন তাঁরা তা শোধ করতে পারছেন না। সজল সরকার নামে এক আরেক সদস্য বলেন, 'কী কারণে এতদিন ধরে কমিটি গঠন করা হচ্ছে না তা আমরা জানি না।'

সমিতির সদস্য সংখ্যা ৭৭৩ জন। সমিতি বন্ধ থাকায় সদস্যরা বেকায়দায় পড়েছেন। নেপাল দাস নামে এক সদস্য বলেন, 'চাষাবাদের জন্য নগদ টাকার প্রয়োজন পড়লে সমিতি থেকে স্বল্প সুদে ঋণ পাওয়া যেত। কিন্তু সমিতি বন্ধ থাকায় সেই সুযোগ মিলছে না।' নেপাল দাসের মতো অনেকেই ঋণ পাচ্ছেন না। কৃষি ও কৃষকদের স্বার্থে দ্রুত সমিতির কাজকর্ম স্বাভাবিক করার দাবি জানিয়েছেন সমিতির সদস্যরা।

সমবায় সমিতির ঝাঁপ বন্ধ থাকায় তৃণমূলের শিকারপুর অঞ্চল সভাপতি নিত্যজিৎ বর্মনও ক্ষোভ প্রকাশ করেছেন।

তাঁর বক্তব্য, 'সমিতির সদস্যরা দীর্ঘদিন ধরে সরকারি সুযোগসুবিধা থেকে বঞ্চিত হলেও দায়িত্বপ্রাপ্ত ম্যানেজারের কোনও হেলদোলই নেই। পরিচালন কমিটি না থাকার জন্য যদি সমিতির ঝাঁপ বন্ধ হয়ে যায়, তাহলে পরিচালন কমিটি গঠনের ব্যাপারে দায়িত্বপ্রাপ্ত ম্যানেজারেরই প্রথম উদ্যোগ নেওয়া উচিত।'

বিষয়টি নিয়ে সরব হয়েছেন মাথাভাঙ্গা-১ পঞ্চায়েত সমিতির সভাপতি রাজিবুল হাসানও। তিনি আরও একধাপ এগিয়ে বলেন, 'বিষয়টি নিয়ে সমিতির ম্যানেজারের সঙ্গে একাধিকবার বৈঠক করার উদ্যোগ নেওয়া হলেও তিনি সাড়া দেননি। তাই ব্লকের কোঅপারেটিভ ইনস্পেকটরকে সমিতির ম্যানেজারের বিরুদ্ধে দ্রুত আইনত ব্যবস্থা নেওয়ার দাবি জানানো হয়েছে।'

> পরিচালন কমিটি না থাকায় সমিতির কাজকর্ম বন্ধ রয়েছে। কমিটি গঠন করা হলেই কাজকর্ম স্বাভাবিক করা হবে।
>
> **মনোরঞ্জন বর্মন**
> *ম্যানেজার, সমবায় সমিতি*



*বন্ধ হয়ে পড়ে রয়েছে সমবায় সমিতির অফিস। শিকারপুর বাজারে।*

# স্বাধীনতার পর প্রথম পাকা রাস্তা গঙ্গাবাড়িতে

গৌতম দাস

**তুফানগঞ্জ, ২৪ মার্চ :** স্বাধীনতার পর প্রথম পাকা রাস্তা তুফানগঞ্জ-১ ব্লকের গঙ্গাবাড়িতে। সোমবার সেই রাস্তা ধরে ফিরছিল ষষ্ঠ শ্রেণির সুমন দাস, নবম শ্রেণির অর্চনা বর্মন, সুমনা বর্মন, অপর্ণা অধিকারীরা। সবার মুখেই চওড়া হাসি। সুমন বলল, 'এদিন স্কুলে যেতে খুবই অল্প সময় লেগেছে। কোনও কষ্ট হয়নি। এতদিন খানাখন্দে ভরা রাস্তা দিয়ে স্কুলে যেতে দেরি হত। কোনও কোনওদিন সাইকেল নিয়ে পড়েও গিয়েছি। এখন আর সেসব হবে না।'

অপর্ণা আবার খারাপ রাস্তার জন্য সাইকেল নিয়ে স্কুলে যাওয়ার সাহসই দেখাত না। হেঁটে স্কুলে যেত। বর্ষাকালে গাড়ি চলাচলের সময় ইউনিফর্মে কাদার ছিটে লাগত। শীতকালে ধুলোর জন্য সর্দিকাশি লেগেই থাকত।

অন্দরান ফুলবাড়ি-১ ও ২ গ্রাম পঞ্চায়েতের সীমান্তে অবস্থিত গঙ্গাবাড়ি। এলাকার মাটির রাস্তাটি তিন দশক ধরে চলাচলের অযোগ্য হয়ে উঠেছিল। এদিকে, এই গুরুত্বপূর্ণ রাস্তাটিই তুফানগঞ্জ-১ ব্লকের সঙ্গে তুফানগঞ্জ-২ ব্লকের যোগাযোগের সহজতম মাধ্যম। এই রাস্তা দিয়ে কম সময়ে তুফানগঞ্জ থেকে গঙ্গাবাড়ি, হরিরহাট, বাঁশরাজা, বক্সিরহাট, ধলডাবরি, রসিকবিল, কামাখ্যাগুড়ি সহ অসমে যাওয়া যায়। বছরখানেক আগে উল্লারখেওয়া সেতু খুলে যাওয়ায় রাস্তাটির গুরুত্ব অনেকগুণ বেড়ে যায়। কিন্তু রাস্তার অবস্থা এতটাই শোচনীয় ছিল যে চলাচল করাই দুঃসাধ্য।

প্রায় দু'মাস আগে উত্তরবঙ্গ উন্নয়ন দপ্তরের প্রায় দেড় কোটি টাকায় ১৬০০ মিটার রাস্তার কাজ শুরু হয়। অন্দরান ফুলবাড়ি-১ গ্রাম পঞ্চায়েতের প্রধান শুক্লা সরকার অধিকারী বলেন, 'উত্তরবঙ্গ উন্নয়ন দপ্তরের অর্থানুকূল্যে রাস্তাটি পাকা করা হয়েছে।' রাস্তার কিছুটা অংশ তুফানগঞ্জ পুরসভার রাস্তার সঙ্গে যুক্ত হয়েছে। স্থানীয় স্কুল শিক্ষক রাকেশ মজুমদার বলেন, 'রাস্তাটি পাকা হওয়ায় আমরা ভীষণভাবে খুশি। এখন আরও কম সময়ে স্কুলে পৌঁছাতে পারব।'



*এলাকার প্রথম পাকা রাস্তা দিয়ে বাড়ি ফেরা পড়ুয়াদের।*



ছোট্ট তারা

চিলাখানা জুনিয়ার বেসিক স্কুলের তৃতীয় শ্রেণির ছাত্রী সায়নী ভৌমিক। পড়াশোনার পাশাপাশি খেলাধুলোয় নজর কেড়েছে এই খুদে।

# বারুণীমেলার প্রস্তুতি

**নয়ারহাট, ২৪ মার্চ :** দোল উৎসবের রেশ সবে শিথিল হয়েছে। তার মাঝেই মাথাভাঙ্গা-১ ব্লকের শিকারপুর গ্রাম পঞ্চায়েতের চেনাকাটায় শুরু হয়েছে বারুণীমেলার প্রস্তুতি। ওই এলাকার নেন্দা নদীর পাড়ে বারুণী স্নান উপলক্ষ্যেই মেলা বসে। আগামী বৃহস্পতিবার সকালে শুরু হচ্ছে মেলা, যা চলবে সাতদিন। মেলার প্রস্তুতি প্রায় শেষপর্যায়ে। মেলা কমিটির তরফে কৃষ্ণ বর্মন বললেন, মঙ্গলবার মেলা প্রাঙ্গণস্থিত মন্দিরে কালীপুজো হবে। অবশ্য মেলার সূচনা হবে বৃহস্পতিবার সকালে গঙ্গাপুজো ও জল তর্পণের মধ্য দিয়ে। মেলা চত্বরে মহানাম কীর্তনের আসর বসবে।

ব্লকের অন্যতম প্রাচীন এই মেলা। এখানে ফি বছর চেনাকাটা তো বটেই পার্শ্ববর্তী বৈরাগীরহাট, শিকারপুর, কুর্শামারির পাশাপাশি বাংলাদেশ সীমান্তবর্তী সাতগ্রাম, বালারহাট, লুটেরহাট থেকে প্রচুর মানুষ ভিড় জমান। আয়োজকরা আশা করছেন, এবারেও সেই বিপুল মানুষ মেলায় জমায়েত হবেন।

আয়োজকরা জানিয়েছেন, মেলায় হরেক সামগ্রীর স্টল ইতিমধ্যেই বসতে শুরু করেছে। দর্শনার্থীদের জন্য থাকবে বিনোদনের ব্যবস্থাও। মেলায় শান্তিশৃঙ্খলা বজায় রাখতে কমিটির সদস্যরা নজরদারি চালাবেন।

# যত্রতত্র জঞ্জাল, জরিমানা আদায়ে 'অনাগ্রহী' পুরসভা

প্রসেনজিৎ সাহা

**দিনহাটা, ২৪ মার্চ :** দিনহাটা পাওয়ারহাউস মোড় দিয়ে সোমবার সকালে স্কুটারে করে মেয়েকে টিউশনে দিতে যাচ্ছিলেন লক্ষ্মীকান্ত রাজভর। কিছুটা এগোতে দেখতে পেলেন, রাস্তার ওপর ছড়িয়ে রয়েছে উচ্ছিষ্ট। কয়েকটা কুকুর সেটাই রাস্তার ওপর এনে খাচ্ছে। সকাল সকাল শহরের রাস্তায় এরকম দৃশ্য দেখতে পাবেন, ভাবেননি তিনি।

শুধু পাওয়ারহাউস মোড় নয়, শহরের গোপালনগর, ঝুড়িপাড়া, পুরাতন বাসস্ট্যান্ড সংলগ্ন এলাকাগুলোর ছবিটাও অনেকটা একই। কোথাও রাস্তার ওপর, আবার কোথাও নালা ভরাট করে ফেলা হয়েছে আবর্জনা।

রাত হলেই নাগরিকদের একাংশ বাড়ির ব্যালকনি কিংবা বাড়ির গেট থেকে ছুড়ে দিচ্ছে বর্জ্য। কয়েকজন নির্মল সাথীদের ভ্যানে বর্জ্য না দিয়ে ফেলছেন রাস্তায়। পথকুকুররা সেইসব টেনে রাস্তার মাঝে এনে ছড়াচ্ছে। স্বাভাবিকভাবে এই দৃশ্য দিনহাটার মডেল পুরসভা গঠনের পথে অন্যতম অন্তরায়, সেটা বলাই বাহুল্য।

অথচ পুরসভা সেইসব অসচেতন নাগরিকদের বিরুদ্ধে কড়া ব্যবস্থা নিচ্ছে কোথায়? গতবছর সেপ্টেম্বরে বোর্ড মিটিংয়ে অবশ্য শহর পরিচ্ছন্ন রাখতে একঝাঁক সিদ্ধান্ত নেওয়া হয়। তার মধ্যে অন্যতম জরিমানা আদায়ের সিদ্ধান্ত। কোনও নাগরিক আবর্জনা আলাদা করে না রাখলে ২০০ টাকা এবং খোলা জায়গায় আবর্জনা ফেললে ১০০ টাকা জরিমানা করা হবে এবং তা গতবছর নভেম্বর মাস থেকেই বলবৎ হওয়ার কথা। তবে পুরসভা সূত্রে খবর, এখনও এই আইন অনুযায়ী একজনও অসচেতন নাগরিককে জরিমানা করা হয়নি। প্রশ্ন উঠছে, পুরসভার নমনীয় মনোভাব নিয়ে।

শহরের বাসিন্দা শিবু বর্মনের কথায়, 'সকালে হাঁটতে বেরোলে প্রায়ই রাস্তার মাঝে পলিথিন ক্যারিব্যাগে এঁটোকাঁটা পড়ে থাকতে দেখি। পুরসভাকে আরও কড়া হতে হবে।' পুরসভার চেয়ারপার্সন অপর্ণা দে নন্দী অবশ্য শীঘ্রই পদক্ষেপ করা হবে বলে আশ্বস্ত করলেন। তবে এখনও পর্যন্ত কেন জরিমানা আদায় করা হয়নি, তার সদুত্তর দিতে পারেননি তিনি।

শহরের বাসিন্দা জয়গোপাল ভৌমিকের কথায়, 'আইন করা হলে তা প্রয়োগ অবশ্যই করা উচিত। নাহলে পুর শাসন নিয়ে প্রশ্ন উঠবে। পাশাপাশি বাসিন্দাদেরও আরও সচেতন হওয়া প্রয়োজন।'

দিনহাটা পুরসভাকে সারারাজ্যে মডেল পুরসভা হিসেবে গড়ে তুলতে চাইছে স্টেট আরবান ডেভেলপমেন্ট এজেন্সি (সুডা)। সেক্ষেত্রে পুরসভা গৃহস্থালির বর্জ্য পৃথকীকরণ নিয়ে বেশি জোর দেওয়া হয়েছে। নির্মল ওয়ার্ড গড়ে তোলার লক্ষ্যে চলছে মাইকে প্রচার, লিফলেট বিলি। কিন্তু তাতে লাভ হচ্ছে কতটা, সেটাই লাখ টাকার প্রশ্ন।



*রাস্তার পাশে জমে রয়েছে আবর্জনা। ঝুড়িপাড়া রোডে।*

## বিজ্ঞান প্রদর্শনী

**মাথাভাঙ্গা, ২৪ মার্চ :** মাথাভাঙ্গা সায়েন্স অ্যাকাডেমির উদ্যোগে বিবেকানন্দ বিদ্যামন্দিরে সোমবার থেকে শুরু হল দু'দিনব্যাপী বিজ্ঞান মডেল, পোস্টার, বিজ্ঞান বিষয়ক অঙ্কন, কুইজ প্রতিযোগিতা। এর পাশাপাশি বিজ্ঞান প্রদর্শনীও হবে। অনুষ্ঠানটির উদ্বোধন করেন উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের সিনিয়ার প্রফেসর ও ডিন ডঃ মহেন্দ্রনাথ রায়। উপস্থিত ছিলেন মাথাভাঙ্গা কলেজের অধ্যক্ষ ডঃ দেবাশিস দত্ত, শীতলকুচি কলেজের প্রাক্তন অধ্যক্ষ ডঃ আফজাল হোসেন, মৎস্য বিশেষজ্ঞ লক্ষ্মীকান্ত বর্মন প্রমুখ। এদিন প্রদর্শনীতে বিভিন্ন স্কুলের ছাত্রছাত্রীদের তৈরি ৫০টি বিজ্ঞান মডেল প্রদর্শিত হয়েছে। মাথাভাঙ্গা সায়েন্স অ্যাকাডেমির সভাপতি যোগেন্দ্রনাথ রায় লস্কর জানালেন, দু'দিনব্যাপী ওই অনুষ্ঠানে মঙ্গলবার বিজ্ঞান বিষয়ক কুইজ ও তাৎক্ষণিক প্রতিযোগিতা হবে।

## ট্যাবলোর সূচনা

**কোচবিহার, ২৪ মার্চ :** সোমবার বিশ্ব যক্ষ্মা দিবস উপলক্ষ্যে একটি ট্যাবলোর সূচনা করা হল। কোচবিহার মুখ্য স্বাস্থ্য আধিকারিকের দপ্তর থেকে ট্যাবলোটি বেরিয়ে বিভিন্ন এলাকা পরিক্রমা করে। ট্যাবলোর উদ্বোধন করেন চেয়ারম্যান রবীন্দ্রনাথ ঘোষ, মুখ্য স্বাস্থ্য আধিকারিক হিমাদ্রিকুমার আরি। এদিন যক্ষ্মা রোগ নিয়ে সাধারণ মানুষকে সচেতন করা হয়।

### জরুরি তথ্য
**ব্লাড ব্যাংক**
(সোমবার সন্ধ্যা ৭টা পর্যন্ত)

**■ এমজেএন মেডিকেল কলেজ ও হাসপাতাল**

| | | |
|---|---|---|
| এ পজিটিভ | - | ২ |
| এ নেগেটিভ | - | ১ |
| বি পজিটিভ | - | ২ |
| বি নেগেটিভ | - | ১ |
| এবি পজিটিভ | - | ১ |
| এবি নেগেটিভ | - | ০ |
| ও পজিটিভ | - | ২ |
| ও নেগেটিভ | - | ০ |

**■ মাথাভাঙ্গা মহকুমা হাসপাতাল**

| | | |
|---|---|---|
| এ পজিটিভ | - | ২ |
| এ নেগেটিভ | - | ০ |
| বি পজিটিভ | - | ৩ |
| বি নেগেটিভ | - | ০ |
| এবি পজিটিভ | - | ৫ |
| এবি নেগেটিভ | - | ০ |
| ও পজিটিভ | - | ২ |
| ও নেগেটিভ | - | ১ |

**■ দিনহাটা মহকুমা হাসপাতাল**

| | | |
|---|---|---|
| এ পজিটিভ | - | ১ |
| এ নেগেটিভ | - | ১ |
| বি পজিটিভ | - | ০ |
| বি নেগেটিভ | - | ০ |
| এবি পজিটিভ | - | ২ |
| এবি নেগেটিভ | - | ০ |
| ও পজিটিভ | - | ১ |
| ও নেগেটিভ | - | ০ |

### আজ শহরে

■ অনুভব নাট্য সংস্থার রজত জয়ন্তী বর্ষের ষষ্ঠদিনের অনুষ্ঠানে সন্ধ্যা সাড়ে ছ'টায় রবীন্দ্র ভবনে হযবরল প্রযোজিত দেবশংকর হালদার অভিনীত নাটক 'একনায়কের শেষ রাত'।



কোচবিহারে ইদ ও চৈত্রের কেনাকাটা। সোমবার। ছবি : ভাস্কর সেহানবিশ

# কোচবিহারে ইদের বাজার জমজমাট

দেবদর্শন চন্দ

**কোচবিহার, ২৪ মার্চ :** বেনারসের লাড্ডু, সেমাই থেকে, কলকাতার ফেনি লাচ্ছা। ছেলেদের পাঞ্জাবি থেকে মেয়েদের লং কুর্তি কিংবা সারারা। ইদুলফিতরের সৌজন্যে শহরের ভবানীগঞ্জ বাজারের ব্যবসায়ীদের এখন দম ফেলবার ফুরসত নেই। দিন এগিয়ে আসায় তুফানগঞ্জ, পুণ্ডিবাড়ি সহ শহরতলির বিভিন্ন জায়গা থেকেও ক্রেতারা ইতিমধ্যেই ভিড় জমাতে শুরু করেছেন বাজারে। ভিড় বাড়তেই আশার আলো দেখছেন ব্যবসায়ীরা। তাঁরা বলছেন, শনিবার থেকেই ব্যবসা জমে উঠেছে। ইদের আগের দু'দিন বিক্রিবাটা আরও বাড়বে বলেই আশাবাদী তাঁরা।

ইসলাম ধর্মাবলম্বীদের কাছে ইদের সকালে নতুন পোশাক পরে নমাজ পাঠ গুরুত্বপূর্ণ বিষয়। তবে কেবলমাত্র পরিবারের সদস্যদের জন্য নতুন পোশাক কেনাই নয়, এই উৎসবে পোশাক উপহার দিতেও দেখা যায় অনেককে। এদিন বাজারে গিয়ে দেখা গেল, বস্ত্র প্রতিষ্ঠানগুলি সকাল থেকেই ভিড়ে ঠাসা। বেলা বাড়তেই ভিড় আরও উপচে পড়ে দোকানগুলিতে। কেনাকাটায় পুরুষদের চাহিদা মূলত পাঞ্জাবি-পাজামা এবং বাহারি জুতোর। মেয়েদের কাপড়ের মধ্যে লং কুর্তি, লং ফ্রক, শাড়ি এবং সারারা সেটের চাহিদা রয়েছে। বস্ত্র ব্যবসায়ী পল্টু সাহা বলেন, 'ইদের বাজার করতে অনেকেই দূরদূরান্ত থেকে দোকানে আসছেন। ইদের আগের দিন বাজারে খুব ভিড় হয়। তাই আগেভাগে কেনাকাটা সারতে বাজারে সকাল থেকেই এসেছেন।'

এদিন বাজারে ছেলে এবং পরিবারের জন্য কাপড় নিতে এসেছিলেন রেবাবা বিবি। তাঁর কথায়, 'প্রথম ধাপে পরিবারের জন্য কেনাকাটা করছি। পরের ধাপে আত্মীয়দের জন্য কেনাকাটা করা হবে। এছাড়াও সেমাই এবং মিক্সচার মশালা নিতে বাজারে এসেছি।'

তবে শুধু জামাকাপড় কিনলেই তো আর হবে না। ইদের খাওয়াদাওয়ার তালিকায় প্রথমেই থাকে সেমাই। এদিন সকাল থেকেই সেমাইয়ের দোকান থেকে ফেনি লাচ্ছা বা বেনারসের লাড্ডু সেমাই কিনতে ভিড় দেখা গিয়েছে ইসলাম ধর্মাবলম্বীদের। ইদ উপলক্ষ্যে বাজারে কলকাতার ফেনি লাচ্ছা সেমাই ১৬০ টাকা কেজি দরে বিক্রি হচ্ছে। বেনারসের লাড্ডু সেমাই ১৫০-১৬০ টাকা কেজি, রুমালি সেমাই ১২০ টাকা প্রতি কেজি, কলকাতার লাচ্ছা সেমাই ২০০ টাকা কেজি দরে বিক্রি হচ্ছে। এছাড়াও রয়েছে বিভিন্ন কোম্পানির সেমাই। এসব ছাড়াও ড্রাই ফ্রুট, বাদাম, কাজু, চেরি, কিশমিশ, মিক্সচার মশলা, নারকেল বিক্রি হচ্ছে দোকানগুলিতে।

বস্ত্র ব্যবসায়ী সমিতির সম্পাদক উত্তম কুণ্ডু বলেন, 'বস্ত্র ব্যবসায়ীরা দুর্গাপুজো এবং ইদের দিকে প্রতিবছর তাকিয়ে থাকে। ইদের সপ্তাহখানেক আগে থেকে কেনাকাটা করতে অনেকেই দূরদূরান্ত থেকে বাজারে আসছেন।'

**লাচ্ছা সেমাই**

■ কোচবিহার শহরের বস্ত্র প্রতিষ্ঠানগুলি সকাল থেকেই ভিড়ে ঠাসা

■ কেনাকাটায় পুরুষদের চাহিদা মূলত পাঞ্জাবি-পাজামা এবং বাহারি জুতোর

■ মেয়েদের লং কুর্তি, লং ফ্রক, শাড়ি এবং সারারা সেটের চাহিদা রয়েছে

■ বাজারে কলকাতার ফেনি লাচ্ছা সেমাই ১৬০ টাকা কেজি দরে বিক্রি হচ্ছে

■ বেনারসের লাড্ডু, সেমাই ১৫০-১৬০ ও রুমালি সেমাই ১২০ টাকা কেজিতে বিক্রি হচ্ছে

# চক্ষু বিভাগে একা কুম্ভ


চোখের সমস্যা নিয়ে এমজেএন মেডিকেল কলেজ ও হাসপাতালের চক্ষু বিভাগে গেলে চটজলদি সুরাহা মেলার সম্ভাবনা কম। আর অস্ত্রোপচারের বিষয় হলে দু'-চার মাস অপেক্ষা করতে হতে পারে, আলোকপাত করলেন **শিবশংকর সূত্রধর**।

**কোচবিহার, ২৪ মার্চ :** এমজেএন মেডিকেল কলেজ ও হাসপাতালের চক্ষু বিভাগে মাত্র একজন চিকিৎসক রয়েছেন। ফলে অস্ত্রোপচারের সংখ্যা প্রায় অর্ধেক কমে গিয়েছে। চিকিৎসকের অপ্রতুলতায় এখান থেকে চক্ষু বিভাগের রোগীরা অন্যত্র চলে যাচ্ছেন বলে স্বীকার করছে মেডিকেল কর্তৃপক্ষও। গত বছর জানুয়ারি ও ফেব্রুয়ারি মাস মিলিয়ে মোট ১২৫ জনের চোখের অস্ত্রোপচার করা হয়েছিল। সেখানে এবছরের হিসেব অনুযায়ী মাত্র ৭১ জনের অস্ত্রোপচার করা গিয়েছে। অথচ বহির্বিভাগে রোগীর ভিড় লেগেই রয়েছে। সব মিলিয়ে চক্ষু বিভাগ নিয়ে হিমসিম অবস্থা মেডিকেল কর্তৃপক্ষের।

অধ্যক্ষ নির্মলকুমার মণ্ডলের কথায়, 'চিকিৎসক মাত্র একজন থাকায় সমস্যা হচ্ছে। অনেক রোগীই বাইরে যাচ্ছেন বলে অভিযোগ পেয়েছি। চিকিৎসক নিয়োগের জন্য ইতিমধ্যেই স্বাস্থ্য ভবনে জানানো হয়েছে।' চিকিৎসকের অভাবে পরিষেবা দিতে এতটাই হিমসিম অবস্থা যে বহির্বিভাগও নিয়মিত চালানো যাচ্ছে না। অন্য বহির্বিভাগ প্রতিদিন খোলা থাকলেও চক্ষু বহির্বিভাগ সপ্তাহে মাত্র তিনদিন করে চলছে। ডাক্তারি পড়ুয়াদের পড়াশোনা, বহির্বিভাগে রোগী দেখা, অস্ত্রোপচার সহ আনুষঙ্গিক পরিষেবার জন্য মাত্র একজন চিকিৎসকই রয়েছেন। ফলে সমস্যা বাড়ছেই। এই বিভাগে অন্তত পাঁচজন চিকিৎসকের প্রয়োজন বলে কর্তৃপক্ষ জানিয়েছে।

গত বছর ১০ জুলাই থেকে এই বিভাগের এক চিকিৎসক অর্কেন্দু চট্টোপাধ্যায় হঠাৎই ডিউটিতে আসা বন্ধ করে দিয়েছিলেন। পরবর্তীতে তাঁকে শোকজ করা হয়। তিনি কাজে যোগ না দেওয়ায় ওই বছরই নভেম্বর থেকে তাঁর বেতন বন্ধ করে দেওয়া হয়েছে। শূন্যপদের সংখ্যা বাড়তে থাকলেও নিয়োগ না হওয়ায় বিপাকে পড়েছেন রোগীরা। কারও তিন মাস বা কারও ছয় মাস ধরে অস্ত্রোপচার আটকে রয়েছে বলে অভিযোগ রয়েছে। যদিও এমএসভিপি সৌরদীপ রায়ের কথা, 'মৃণাল মজুমদার নামে একজন চিকিৎসকই রয়েছেন। তিনি কঠোর পরিশ্রম করে একাই যতটা সম্ভব অস্ত্রোপচার ও রোগী দেখছেন। আরও চিকিৎসক নিয়োগ হলে সমস্যা মিটবে।'

হাসপাতাল সূত্রেই জানা গিয়েছে, ২০২৪ সালের জানুয়ারি ও ফেব্রুয়ারিতে এমজেএন মেডিকেলের বহির্বিভাগে ৪,৯৫৫ জন রোগী চিকিৎসা করান। সেখানে ১২৫ জনের অস্ত্রোপচার হয়েছিল। সেই তুলনায় এ বছরের জানুয়ারি ও ফেব্রুয়ারি মাসে ৪,৮২১ জন রোগী এসেছেন। অস্ত্রোপচার করা হয়েছিল ৭১ জনের। খাগড়াবাড়ির বাসিন্দা এক রোগীর পরিজন দুলাল সাহা বলেছেন, 'মাসের পর মাস ধরে ঘুরলেও অস্ত্রোপচারের ডেট পাওয়া যায় না। মেডিকেল কলেজের মতো গুরুত্বপূর্ণ একটি জায়গায় চক্ষু বিভাগে মাত্র একজন চিকিৎসক, তা মেনে নেওয়া যায় না।'



**বিপাকে রোগীরা**

■ চিকিৎসকের অপ্রতুলতায় এখান থেকে চক্ষু বিভাগের রোগীরা অন্যত্র চলে যাচ্ছেন

■ বহির্বিভাগ প্রতিদিন খোলা থাকলেও চক্ষু বহির্বিভাগ সপ্তাহে মাত্র তিনদিন চলছে

■ পড়ুয়াদের পড়াশোনা, বহির্বিভাগে রোগী দেখা, অস্ত্রোপচার একজনকেই করতে হচ্ছে

■ কারও তিন মাস বা কারও ছয় মাস ধরে অস্ত্রোপচার আটকে

## সচিব বদল

**কোচবিহার, ২৪ মার্চ :** দেবত্র ট্রাস্ট বোর্ডের সচিব বদল হল। মঙ্গলবার থেকে সচিব হিসেবে নতুন দায়িত্ব পাচ্ছেন ডেপুটি ম্যাজিস্ট্রেট পবিত্রা লামা। ট্রাস্ট বোর্ডের সচিব কৃষ্ণগোপাল ধাড়া তাঁকে দায়িত্বভার হস্তান্তর করেছেন বলে জানা গিয়েছে। পবিত্রা ওসি সিভিল ডিফেন্স ও ডিজাস্টার ম্যানেজমেন্টের দায়িত্বে রয়েছেন। জেলা শাসক অরবিন্দকুমার মিনা বলেন, 'ওই দায়িত্বের পাশাপাশি পবিত্রাকে ট্রাস্ট বোর্ডের সচিবের নতুন দায়িত্ব দেওয়া হয়েছে।'

## বিক্ষোভ

**কোচবিহার, ২৪ মার্চ :** পাম্পকর্মীদের বকেয়া বেতন, এরিয়ার, পরিচয়পত্র দেওয়া সহ পাঁচ দফা দাবিতে বিক্ষোভ দেখালেন সিটু অনুমোদিত পিএইচই পাম্প ওয়ার্কার্স কর্মচারী ইউনিয়নের সদস্যরা। সোমবার সংগঠনের কার্যালয় থেকে পাম্পকর্মীদের একটি মিছিল শহর পরিক্রমা করে। এরপর জনস্বাস্থ্য কারিগরি দপ্তরের নর্দার্ন মেকানিক্যাল সাব-ডিভিশনের অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ারের দপ্তরের সামনে বিক্ষোভ দেখানোর পাশাপাশি একটি স্মারকলিপিও দেন তাঁরা।

## বসন্ত উৎসব

**কোচবিহার, ২৪ মার্চ :** কোচবিহার পঞ্চানন বর্মা বিশ্ববিদ্যালয়ের তৃণমূল ছাত্র পরিষদের তরফে বসন্ত উৎসব উদযাপন করা হল। সোমবার অনুষ্ঠানের উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার আবদুল কাদের সাফেলি। এদিন বিশ্ববিদ্যালয়ের মাঠে নাচ, গান ও বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠানের পাশাপাশি আবির খেলা হয়।

## খাবার বিলি

**কোচবিহার, ২৪ মার্চ :** মায়ের মৎস্যমুখী উপলক্ষ্যে মাতৃমার সামনে রোগীর আত্মীয়দের দুপুরের খাবার তুলে দিলেন আস্থা ফাউন্ডেশনে সদস্যরা। সোমবার ওই খাবার তুলে দেওয়া হয়। জানা গিয়েছে, মারুগঞ্জের বাসিন্দা রেবারানি দত্তের মৎস্যমুখী উপলক্ষ্যে তাঁর তিন ছেলে ২০০ জন মানুষের জন্য খাবার তাদের হাতে তুলে দেন।

# ব্লাড ব্যাংক দাবি

শুভ্রজিৎ বিশ্বাস

**মেখলিগঞ্জ, ২৪ মার্চ :** দিনের পর দিন রক্তের চাহিদা বাড়ছে। সিজার থেকে শুরু করে বিভিন্ন অপারেশনের ক্ষেত্রে রক্তের প্রয়োজন হয়। অথচ মহকুমা শহর মেখলিগঞ্জের মহকুমা হাসপাতালে আজ পর্যন্ত ব্লাড ব্যাংক গড়ে ওঠেনি। মহকুমা হাসপাতালে ব্লাড ব্যাংক না থাকায় ভোগান্তির শিকার হতে হয় মেখলিগঞ্জের সাধারণ মানুষকে।

জানা গিয়েছে, মেখলিগঞ্জ মহকুমা হাসপাতালে প্রতি মাসে প্রায় ২৪০ ইউনিট রক্তের প্রয়োজন হয়। মাসে গড়ে ৮০ থেকে ৯০টি সিজার। কম করেও ৩০০টি ডেলিভারি হয়। ওটি'র ক্ষেত্রেও রক্তের প্রয়োজন হয়। তাছাড়া মহকুমায় অনেক থ্যালাসিমিয়ার রোগী রয়েছে, রক্তের প্রয়োজন সেইসব থ্যালাসিমিয়া রোগীরও। স্বাভাবিকভাবেই ১২০ শয্যাবিশিষ্ট মেখলিগঞ্জ মহকুমা হাসপাতালে ব্লাড ব্যাংক তৈরির দাবি তুলছেন সাধারণ মানুষ।

মহকুমা শহর মেখলিগঞ্জ থেকে কোচবিহার জেলা সদর শহরের দূরত্ব প্রায় ১০০ কিমি। ফলে রক্তের প্রয়োজনে মেখলিগঞ্জ ও তার পার্শ্ববর্তী এলাকার মানুষকে পাশের মহকুমা মাথাভাঙ্গা কিংবা পার্শ্ববর্তী জেলা জলপাইগুড়ি শহরের ওপর নির্ভর করতে হয়। কারণ কোচবিহার সদরের থেকে মেখলিগঞ্জবাসীর কাছে জলপাইগুড়ি জেলা সদরের দূরত্ব প্রায় ৫০ কিলোমিটার কম। সে ক্ষেত্রেও একজন রোগীর একাধিক ইউনিট রক্তের প্রয়োজন হলে প্রতিদিন রক্তের জন্য এক থেকে আরেক ব্লাড ব্যাংকে ছুটতে হয় রোগীর আত্মীয়পরিজনদের। ২০১৭ সালে মেখলিগঞ্জ মহকুমা হাসপাতালে ব্লাড স্টোরেজ ইউনিট (বিএসইউ) খুললেও সমস্যা মেটেনি।

মেখলিগঞ্জের বাসিন্দা তথা স্বেচ্ছাসেবী সংগঠন কিশলয়ের তরফে শুভ চন্দ বলেন, 'বিভিন্ন ব্লাড ব্যাংকে রক্ত আনতে গেলেও অনেক সময় পাওয়া যায় না। পরে আমরা যাঁরা বিভিন্ন সময় রক্তদান শিবিরের আয়োজন করি, তাঁরা ডোনার পাই না। ফলে রক্তদান শিবিরের তুলনায় মানুষের প্রয়োজনে সরাসরি ব্লাড ব্যাংকে গিয়ে রক্ত দেওয়া পছন্দ করছেন অনেকে। কিন্তু মেখলিগঞ্জ মহকুমা হাসপাতালে ব্লাড ব্যাংক নেই। এ ক্ষেত্রে একটাই সমাধান, মেখলিগঞ্জ মহকুমা হাসপাতালে ব্লাড ব্যাংক চাই।'

স্বেচ্ছাসেবী সংগঠন ওয়েস্ট বেঙ্গল ভলান্টারি ব্লাড ডোনার সোসাইটির তরফে পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের যুগ্ম অধিকর্তা (রক্ত নিরাপত্তা)-কে স্মারকলিপির মাধ্যমে এই দাবি সম্পর্কে অবগতও করা হয়েছে। মেখলিগঞ্জ মহকুমা হাসপাতালে ডিজিটাল এক্স-রে পরিষেবার উদ্বোধনে এসে নিজেদের বক্তব্যের মধ্যে দিয়ে ব্লাড ব্যাংক তৈরির প্রয়োজনীয়তার কথা স্বীকার করে নেন বিধায়ক তথা মেখলিগঞ্জ মহকুমা হাসপাতালের রোগীকল্যাণ সমিতির চেয়ারম্যান পরেশচন্দ্র অধিকারী। ব্লাড ব্যাংক যে প্রয়োজন, সেকথা মেনে নিয়েছেন মেখলিগঞ্জের মহকুমা শাসক অতনুকুমার মণ্ডলও।

মেখলিগঞ্জের বাসিন্দা তথা নিয়মিত রক্তদাতা দেবজ্যোতি রায় লস্করের কথায়, 'আমরা চাই মেখলিগঞ্জের মানুষের স্বার্থে মহকুমা হাসপাতালে ব্লাড ব্যাংক তৈরি হোক। জেলার অন্য মহকুমায় ব্লাড ব্যাংক থাকলেও মেখলিগঞ্জ কেন বঞ্চিত, তা জানি না।' মেখলিগঞ্জ মহকুমা হাসপাতালের সুপার তাপস দাস বলেন, 'ব্লাড ব্যাংক তৈরির বিষয়ে ঊর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে প্রস্তাব পাঠানো হয়েছে।'

> আমরা চাই মেখলিগঞ্জের মানুষের স্বার্থে মহকুমা হাসপাতালে ব্লাড ব্যাংক তৈরি হোক। জেলার অন্য মহকুমায় ব্লাড ব্যাংক থাকলেও মেখলিগঞ্জ কেন বঞ্চিত, তা জানি না।
>
> **-দেবজ্যোতি রায় লস্কর**
> *নিয়মিত রক্তদাতা*

### পাড়ায় পাড়ায়

**কোচবিহার**

## নর্দমা যেন সবুজ কার্পেট

**কোচবিহার, ২৪ মার্চ :** একদিকে মশার কামড়, অন্যদিকে সাপের উপদ্রব ও দুর্গন্ধ। নর্দমার এমন ত্রিফলা আক্রমণে জেরবার দুটি ওয়ার্ডের বাসিন্দারা। রূপনারায়ণ রোডের একদিকে রয়েছে ১৯ নম্বর, অন্যদিকে রয়েছে আট নম্বর ওয়ার্ড। রাজবাড়ি স্টেডিয়ামের বিপরীতে ওই এলাকার বাসিন্দাদের অভিযোগ, 'তিন থেকে চার বছর হয়ে গেল ঠিকমতো নর্দমা পরিষ্কার করা হয় না। নর্দমার জলবদ্ধ জলাশয়ের মতো বছরের পর বছর এভাবেই থাকে। সেখানে ছোট ছোট এক ধরনের সবুজ পাতা ড্রেনের ওপরটি এমনভাবে ঢেকে গিয়েছে যে হঠাৎ করে দেখলে সেটিকে সবুজ গালিচা মনে করে ভুল করেন। স্থানীয় বাসিন্দা পেশায় ব্যবসায়ী মহুল কর ক্ষোভের সুরে বললেন, 'মশা ছাড়াও নর্দমার মধ্যে ঘুরে বেড়ায় বেশ কয়েকটি সাপ। সাফাইকর্মীরা ওপর থেকে ময়লা বা প্লাস্টিক তুলে নিয়ে যান। কিন্তু নর্দমা পরিষ্কার করার কোনও উদ্যোগ নেই।'





**মাথাভাঙ্গা**

## রাস্তা আটকে কাজ করায় সমস্যা

**মাথাভাঙ্গা, ২৪ মার্চ :** পুরসভার তরফে তিন নম্বর ওয়ার্ডে সিলভার জুবিলি রোডের ধারে পাকা ড্রেন সহ নতুন কালভার্ট তৈরির কাজ শুরু হয়েছে। কিন্তু অভিযোগ উঠেছে, ওই কাজের জন্য যে মাটি খোঁড়া হয়েছে সেই মাটি ও পুরোনো কালভার্টের কংক্রিটের চাঙড় রাস্তার ওপরে রেখে কাজ করা হচ্ছে। এতে ওই রাস্তাটি দিয়ে যানবাহন চলাচল কার্যত বন্ধ হয়ে রয়েছে। রাস্তা আটকে যাওয়ায় সমস্যায় পড়েছেন তিন, সাত, আট নম্বর ওয়ার্ডের বাসিন্দারা। ওই রাস্তাটি দিয়ে বিবেকানন্দ বিদ্যামন্দির ও শ্রীশ্রী রামকৃষ্ণ প্রাথমিক বিদ্যালয়ের পড়ুয়ারা নিয়মিত যাতায়াত করে থাকে। এছাড়াও মাথাভাঙ্গা মহকুমা হাসপাতালে যাতায়াতের ক্ষেত্রেও সিলভার জুবিলি রোডটি ব্যবহার করা হয়।

এমন ঘটনায় পুরসভা কর্তৃপক্ষ, সংশ্লিষ্ট ওয়ার্ডের কাউন্সিলার, দায়িত্বপ্রাপ্ত ঠিকাদার এবং সংশ্লিষ্ট কাজের জন্য নিযুক্ত পুরসভার ইঞ্জিনিয়ারের ভূমিকা নিয়েও প্রশ্ন উঠতে শুরু করেছে। সাত নম্বর ওয়ার্ডের বাসিন্দা শম্ভু সাহা বলেন, 'তাড়াতাড়ি রাস্তা থেকে মাটি এবং চাঙড় সরিয়ে নেওয়া উচিত পুরসভার। তিন নম্বর ওয়ার্ডের কাউন্সিলার প্রবীর সরকার বলেন, 'বিষয়টি আমার নজরে আসা মাত্র রাস্তায় খানিকটা মাটি সরিয়ে সাধারণ মানুষের হেঁটে চলাচলের ব্যবস্থা করা হয়েছে।'

*তথ্য : তন্দ্রা চক্রবর্তী দাস ও বিশ্বজিৎ সাহা*

# পানীয় জলের পাইপ ফেটে ভাসছে মাঠ

অমিতকুমার রায়

**হলদিবাড়ি, ২৪ মার্চ :** ভূগর্ভস্থ জলস্তর নামতে থাকায় উদ্বেগ বেড়েছে গোটা বিশ্বে। পানীয় জলের অপচয় বন্ধ করতে তৎপর হয়েছে সব দেশ। এর গুরুত্ব বোঝাতে গত শনিবার পালিত হয়েছে বিশ্ব জল দিবস। অথচ মাসখানেক ধরে পাইপ ফেটে জলে টইটুম্বুর হুজুর সাহেবের মেলার মাঠের একাংশ। এলাকাবাসীর দাবি, মেলার দোকান তৈরির সময় খুঁটি পুঁততে গিয়ে মাঠের দক্ষিণদিকের রাস্তার পাশে ভূগর্ভস্থ পানীয় জলের পাইপ ফেটে যায়। খবর দেওয়া সত্ত্বেও, পুরসভা থেকে কোনও ব্যবস্থা করা হয়নি এখনও।

হলদিবাড়ি পুরসভার ৪ নম্বর ওয়ার্ডের অন্তর্গত ধারানগর এলাকায় রয়েছে জলাধার। সেখান থেকে পুরসভার পাশাপাশি সংলগ্ন গ্রামীণ এলাকাতেও পানীয় জল সরবরাহ করা হয়। শহরের উপকণ্ঠে থাকা দক্ষিণ বড় হলদিবাড়ি গ্রাম পঞ্চায়েতের অধীন দেবত্তোর বক্সিগঞ্জ এলাকাতেও নলবাহিত পানীয় জলের পরিষেবা দেওয়া হয় এখান থেকে। হুজুরের মাঠ সংলগ্ন পাঠানপাড়ার দিকে রাস্তার ধারে পানীয় জলের পাইপ ফেটে যাওয়ায় বর্তমানে ওই এলাকা পানীয় জলের পরিষেবা থেকে বঞ্চিত।

স্থানীয় বাবলু মহম্মদের দাবি, 'জলের পাইপ ফেটে যাওয়ায় বিস্তীর্ণ এলাকা পানীয় জলের পরিষেবা থেকে বঞ্চিত হচ্ছে। পাশাপাশি পানীয় জল দূষিত হওয়ার আশঙ্কাও তৈরি হয়েছে। বিপুল পরিমাণ পানীয় জলের অপচয় হওয়ায় ক্ষতি হচ্ছে রাজস্বের। এই অবস্থা মাসখানেক ধরে চললেও পুর কর্তৃপক্ষ সেই 'দেখছি দেখব' করেই কাটাচ্ছে।'

স্থানীয় বাসিন্দা জামসেদ আলি বলেন, 'এলাকায় পানীয় জলের সমস্যা রয়েছে। কুয়ো ও নলকূপের আয়রনমিশ্রিত জল খেতে হচ্ছে। এই অবস্থায় পরিস্রুত পানীয় জল দেদার অপচয় হচ্ছে। দিনে তিনবার জল সরবরাহের সময় তীব্র গতিতে পানীয় জল বেরিয়ে আসছে। সেই জলে ভাসছে হুজুর সাহেবের মেলার মাঠ চত্বরের একাংশ।' পুরসভার চেয়ারম্যান শংকর দাস বলেন, 'বিষয়টি জানা ছিল না। ক্ষতিগ্রস্ত পাইপটি সারানোর জন্য সংশ্লিষ্ট দপ্তরে জানানো হবে।'



হুজুরের মেলা চত্বরে পাইপ ফেটে পানীয় জলের অপচয়। -সংবাদচিত্র

